

কৃষি সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।  
www.dae.gov.bd

অফিস আদেশ  
নং ১০৬১(৬০)তঃ ৭/১০/২০১৬

বিষয়: কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কাজের গতিশীলতা বৃদ্ধি এবং সরকারি নীতিমালা বাস্তবায়নের লক্ষ্যে প্রথম শ্রেণীর সকল গ্রেডের কর্মকর্তাদের নিজ জেলার বাইরে পদায়ন/প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কাজের গতিশীলতা বৃদ্ধি এবং সরকারি নীতিমালা বাস্তবায়নের লক্ষ্যে প্রথম শ্রেণীর সকল গ্রেডের কর্মকর্তাদের নিজ জেলার বাইরে পদায়ন করা অতীব জরুরী। ইতোমধ্যে ডিএই-এর বিভিন্ন উইং-এর অন্তর্ভুক্ত কর্মপরিসরে বিভিন্ন পর্যায়ে কিছুসংখ্যক প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ নিজ জেলায় পদায়িত হয়ে কর্মরত রয়েছে- যা কর্তৃপক্ষের নজরে এসেছে।

২. এমতাবস্থায় সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিধি মোতাবেক অতিরিক্ত পরিচালকগণ প্রাপ্ত ক্ষমতাবলে জেলার বাইরে পদায়ন করবেন এবং প্রযোজ্য ক্ষেত্রে অবশিষ্ট কর্মকর্তাদের নাম, গ্রেডেশন নং, নিজজেলা, জন্ম তারিখ, চাকুরিতে যোগদানের তারিখ, বর্তমান কর্মস্থলে যোগদানের তারিখ, মন্তব্য ইত্যাদি লিপিবদ্ধ করে ২০ অক্টোবর ২০১৫ এর মধ্যে পরিচালক, প্রশাসন ও অর্থ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা বরাবরে তালিকা প্রেরণ করতে হবে।
৩. কৃষি মন্ত্রণালয়ের ২৩.১০.১২ খ্রিঃ এর ১৩৬২ স্মারকে বদলী ও পদায়নের নীতিমালা এবং স্থানীয় সরকার মন্ত্রণালয়ের ০১.০৯.১৫ খ্রিঃ এর ১০৪৫ স্মারকে বদলী ও পদায়নের নীতিমালা অনুসরণ করতে হবে।
৪. স্বামী-স্ত্রী সরকারি চাকুরীজীবী হলে সেক্ষেত্রে বদলী/পদায়ন সরকারি নীতিমালা প্রযোজ্য হবে।

(মোঃ আব্দুল গফুর)  
৭.১০.১৬  
উপ-পরিচালক (প্রশাসন)  
পক্ষে-মহাপরিচালক  
ফোন-০২-৯১২৫০৫৩

অতিরিক্ত পরিচালক  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

-----অঞ্চল, -----।

অনুলিপি জ্ঞাতার্থেঃ

১. পরিচালক, সেরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
২. পরিচালক, প্রশাসন ও অর্থ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৩. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,-----,(সকল)।
৪. অফিস নথি।

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।  
[www.dae.gov.bd](http://www.dae.gov.bd)

স্মারক নং-১০৬৯৯ (৮০)


তারিখঃ ০৭ অক্টোবর ২০১৫।

বিষয়ঃ- উপ-সহকারী কৃষি কর্মকর্তা/উপ-সহকারী উদ্ভিদ সংরক্ষণ কর্মকর্তাদের নিজ উপজেলার বাইরে পদায়ন প্রসংগে।

- সূত্রঃ ১। কৃষি মন্ত্রণালয়ের ২৩.১০.২০১২খিঃ এর ১৩৬২ নং স্মারক।  
২। স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা এর ০১.০৯.২০১৫ তারিখের ১০৪৫ নং স্মারকে জারীকৃত বদলী ও পদায়ন নীতিমালা মোতাবেক।

উপর্যুক্ত বিষয়ের আলোকে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সূত্র-১ এ উল্লিখিত স্মারকের ১৮নং অনুচ্ছেদ এবং সূত্র-২ এ উল্লিখিত স্মারকের ৩.১.ঘ নং সিদ্ধান্ত অনুযায়ী উপ-সহকারী কৃষি কর্মকর্তা বা উপ-সহকারী উদ্ভিদ সংরক্ষণ কর্মকর্তা বা সমমানের কর্মকর্তাদের নিজ উপজেলার বাইরে পদায়ন করতে হবে। নিজ উপজেলায় কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তা ও উপ-সহকারী উদ্ভিদ সংরক্ষণ কর্মকর্তাগণকে আগামি ২০ অক্টোবর ২০১৫ এর মধ্যে তাদের নিজ উপজেলার বাইরে পদায়ন করে প্রতিবেদন প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ সূত্রীয় পত্রদ্বয়----- (পাতা)

  
(মোঃ আব্দুল গফুর)  
উপ-পরিচালক(প্রশাসন)  
পক্ষে-মহাপরিচালক  
ফোন-০২-৯১২৫০৫৩

- ১। অতিরিক্ত পরিচালক  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
----- অঞ্চল, ----- (সকল)
- ২। উপ-পরিচালক  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
----- (সকল)

অনুলিপি জ্ঞাতার্থেঃ

১. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।  
২. পরিচালক, প্রশাসন ও অর্থ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।